ঝিনাইদহের ২৬ কিলোমিটার সড়কে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন

পরিবেশের ভারসাম্য রক্ষা ও বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গিকার বাস্তবায়নে ঝিনাইদহে ২৬ কিলোমিটার সড়কে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে শৈলকুপা উপজেলার বসন্তপুর এলাকায় এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ। সেসময় জেলা প্রশাসনের কর্মকর্তা ছাড়াও সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানান, পরিবেশের ভারসাম্য রক্ষা ও সড়কপথকে সবুজে ঘেরা রাখতে ধারাবাহিকভাবে এ ধরনের বৃক্ষরোপণ কার্যক্রম অব্যাহত থাকবে। শেখপাড়া-লাঙ্গলবাধ সড়কের ২৬কিলোমিটার এলাকায় প্রায় ২ হাজার ৫০০চারা রোপন করা হবে বলে জানিয়েছেন তাঁরা।

ঝিনাইদহ জেলা প্রশাসক মো. আব্দুল্লাহ আল মাসউদ বলেন, জেলার প্রতিটি সড়কে পর্যায়ক্রমে সৌন্দর্যবর্ধক ও পরিবেশবান্ধব বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হবে। এই উদ্যোগের মাধ্যমে ঝিনাইদহ জেলাকে একটি নান্দনিক ও পর্যটন সম্ভাবনাময় জেলায় রূপ দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, এ ধরনের উদ্যোগ গ্রহণ করায় সড়ক ও জনপদ বিভাগকে স্বাগত জানাচ্ছি। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেন, এখন থেকে তারা যে প্রকল্পগুলো গ্রহণ করবে, সেখানে পরিবেশকে অগ্রাধিকার দিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি অন্তর্ভুক্ত করা।

মেহেরপুর সরকারি উচ্চ

বিদ্যালয়ে পূবালী ব্যাংকের বৃক্ষরোপণ কর্মসূচী

শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশ সচেতনতা ও সবুজায়নের উদ্দেশ্যে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কর্মসূচির উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ সিদ্দিকুর রহমান।

এছাড়াও এসময় পূবালী ব্যাংক পিএলসি, মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোঃ মনছুর আলীসহ ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচী

ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচী পালিত হয়েছে। বাংলাদেশ তামাক বিরোধী জোট, ডাব্লিউবিবি ট্রাস্ট ও শেল্টার সমাজ কল্যাণ সংস্থা এ অবস্থান কর্মসূচী পালন করেছে।

“কোম্পানির কূটকৌশল উন্মোচন করি, তামাক ও নিকোটিনমুক্ত বাংলাদেশ গড়ি” ” মোড়কে উল্লেখিত সর্বোচ্চ খুচরা মূল্য (এম.আর.পি) তামাকজাত দ্রব্য বিক্রয় নিশ্চিত করা হোক” শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে শনিবার বেলা ১১ টার সময় ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে দিবসটি উপলক্ষে ঘন্টাব্যাপী অবস্থান কর্মসূচী পালন করে।

অবস্থান কর্মসূচীতে উপস্থিত ছিলেন শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগম, প্রভা’র নির্বাহী পরিচালক এনামুল কবির বাবুল, সাংবাদিক ও সমাজ কর্মী ময়না খাতুন, শেল্টার সমাজ

কল্যাণ সংস্থার উপ-পরিচালক শাহানুর রেজা, ট্রেনিং অফিসার পৃথা মন্ডল, মনিটরিং অফিসার শাহিন আলম সাইন, শিক্ষক মাহাতাব উদ্দিন, শিক্ষক রিয়াজুল ইসলাম, হাসান আলী, এইড ফাউন্ডেশন, পদ্মা, প্রভা, বাংলাদেশ তামাক বিরোধী জোট এর প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। অবস্থান কর্মসূচী শেষে পথচারী, দোকানী, রিক্সা চালক, ও ছাত্র -ছাত্রীদের মধ্যে লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে ব্র্যাক টিবি কনট্রোল কর্মসূচীর আওতায় নেটওয়ার্কিং মিটিং

মেহেরপুরে ব্র্যাক টিবি কনট্রোল কর্মসূচীর আওতায় প্যানেল আইনজীবিদের নিয়ে নেটওয়ার্কিং মিটিং অনুষ্ঠিত হয়েছে।

ন্যাশনাল টিবি কনট্রোল কর্মসূচীর অংশ হিসেবে আজ বুধবার (২৯ মে) দুপুরে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল ইমপেক্টের হলরুমে এ মিটিং অনুষ্ঠিত হয়।

জেলা সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদের সভাপতিত্বে মিটিং এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় বক্তব্য রাখেন, ডিস্ট্রিক্ট সার্ভিলেন্স মেডিকেল অফিসার (ডিএসএমও) উম্মে হুমায়রা আয়েশা, ব্রাকের ডেপুটি ম্যানেজার আহসান হাবীব।

এছাড়াও এসময় ব্রাক জেলা সমন্বয়ক শেখ মনিরুল হুদা, টিবি কনট্রোল প্রোগ্রামের ডিসট্রিক্ট ম্যানেজার অচিন্ত কুমার বোস, উপজেলা একাউন্টস ম্যানেজার সুমীর কুমার বিশ্বাস,টিবি কনট্রোল প্রোগ্রামের পিও লুৎফুন্নাহার প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় কৃষি প্রণোদনা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১২টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দামুহুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির। এ সময় তিনি বলেন উপজেলায় আউশধান রোপনের জন্য ৩৮শত জন কৃষকের মাঝে প্রণোদনা দেওয়া হবে। বিঘা প্রতি আউশের ব্রীধান-৪৮ জাতের বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি এবং এমওপি সার ১০ কেজি করে দেওয়া হবে।

আউশের মৌসুমে সকল ইট ভাটায় পতিত জমিতে যদি এই ধান উৎপাদন করা হয় তাহলে উপজেলায় আরো বেশি ধান উৎপাদন হবে। উপজেলায় পাট চাষীদের জন্য ৭ হজার ৬শত ৬০ জনকে বিঘা প্রতি ১ কেজি করে পাটের বীজ দেওয়া হবে। এই লক্ষ্যে প্রতিটা ইউনিয়ন পরিষদে তালিকা তৈরি হবে, ওই তালিকায় যেন প্রকৃত কৃষকদের নাম থাকে সে ব্যাপারে উপজেলার সহকারি কৃষি কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, বিএডিসি সভাপতি নজরুল ইসলাম, বিসিআইসি ডিলার সাইফুল ইসলাম, নজরুল ইসলাম, ইয়াসিন আলী, মনিরুল হক, হাবিব, আনোয়ার, রবিউল ইসলাম প্রমুখ।

মুজিবনগর আম্রকাননে ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

“গাছ লাগান পরিবেশ বাঁচান” মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক মুজিবনগর আম্রকাননকে বাঁচিয়ে রাখার প্রত্যয়ে মরহুম বীর মুক্তিযোদ্ধা দাউদ শেখ এর পুত্র বৃক্ষ প্রেমিক জহির শেখ প্রতি বছরের ন্যায় এবছরেও ঐতিহাসিক মুজিবনগর।

আম্রকাননে মরে যাওয়া গাছের স্হানে এবং পরিত্যেক্ত জায়গায় ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা লুৎফুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন,

এ সময় বিশিষ্ট সমাজসেবক ও যুবনেতা হাসানুজ্জামান লালটু, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ডালিম এবং উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিবছরের ন্যায় এ বছরেও নিজস্ব অর্থায়নে ও ব্যক্তিগত উদ্যোগে জহির শেখ ৪০টি হিমসাগর আমের চারা রোপন করবেন। তিনি রোপিত গাছগুলোকে বাঁচিয়ে রাখার জন্য সকল শ্রেণী পেশার মানুষের কাছে বিনীত অনুরোধ ও সহযোগীতা কামনা করেন।